



দা যি ত্ব শী ল দে র দৈ নি ক

# দেশ রূপান্তর

০৫-০৮-২০২৩, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ‘ইনফরমেশন এন্ড নলেজ ম্যনেজম্যান্ট’ শীর্ষক সম্মেলন



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগ তিন দিনব্যাপী ‘ইনফরমেশন এন্ড নলেজ ম্যনেজম্যান্ট’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনে বাংলাদেশসহ ১১টি দেশের প্রায় ৩০০ জন অংশগ্রহণ করেন।

সম্মেলনের প্রধান অধিবেশন গতকাল শুক্রবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের মণ্ডুর এলাহী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেনব তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ।

তথ্যমন্ত্রী বলেন, দেশে অবাধ ও স্বাধীন তথ্য প্রবাহে সরকার কোন ধরনের বাধার সৃষ্টি করে না। কিন্তু গণমাধ্যম কতটা দায়িত্বশীল আচরণ করে তা প্রশ্ন সাপেক্ষ। একইসাথে তিনি সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্ক থাকার আহ্বান জানান। তার মতে, এসব মাধ্যমে প্রচুর গুজব ও ভুয়া খবর ছড়ানো হয়। তাই, কোনটা সত্য সেটা বের করার জন্য জনসাধারনের ‘মিডিয়া ও ইনফরমেশন লিটারেসি’ দরকার বলে তিনি উল্লেখ করেন।

অধিবেশনে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম জিয়াউলহক মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটির অধ্যাপক, গিলিয়ান অলিভার। এছাড়া স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপারসন, ড. দিলারা বেগম।